

a drop of bloodshed ! বাঙলা দেশের খবর রাখ কিছু আজকাল ?

মধু । কিছু—কিছু—not much.

কৃষ্ণমোহন । বাঙালা দেশে নব-যুগের সূচনা হয়েছে । রাজনীতিক্ষেত্রে রামগোপাল ঘোষ, হরিশ মুখুজ্যে যুগান্তর আনয়ন করেছেন—তারচাঁদ চক্রবর্তীর কাগজ—‘The Quill’ criticised the Government fearlessly—কাগজটা বোধ হয় উঠে গেছে আজকাল—তারচাঁদ আজকাল বর্দ্ধমানের রাজার ম্যানেজার । দেশ কিন্তু জেগে উঠেছে । দেবেন ঠাকুর পাশ্চাত্য ধর্মসমাজের আদর্শে ব্রাহ্মসমাজ প্রতিষ্ঠা করেছেন—ব্রাহ্মধর্ম প্রচারের উদ্যোগ চলেছে । বিধবা-বিবাহ প্রচলিত করবার জন্তে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রাণপাত করছেন । সাহিত্যেও নব-জীবন সঞ্চার হয়েছে । তত্ত্ববোধিনীতে অক্ষয়কুমার দত্ত, মদনমোহন তর্কালঙ্কার, রাজেন্দ্রলাল মিত্র, ঈশ্বর বিদ্যাসাগর অপরূপ গদ্যসাহিত্য সৃষ্টি করেছেন ; প্যারীচাঁদ মিত্র, রাধানাথ শিকদার সকলেই বাঙালাভাষার উন্নতির জন্ত বন্ধপরিকর । এ সময় তোমার এখানে পড়ে থাকা চলে না—Bengal cannot afford to lose a genius like you at this moment. বাঙলা কাব্যসাহিত্যে এখনও কোন প্রতিভাবান কবির আবির্ভাব হয় নি—
I think Bengali Muse awaits your arrival.

ইহা শুনিয়া মধুসূদন বিচলিত হইলেন ।

মধু । I am very much tempted to go and I am confident of my capability—কিন্তু আমার ভয় বাঙলা দেশে গেলে খেতে পাব কি না—

কৃষ্ণমোহন । Why ? All your friends are well placed in life. তোমারও সেখানে গেলে একটা না একটা কিছু জুটে যাবেই !

নতুন educational scheme যা হচ্ছে তাতে you may get a service in educational line.

মধু। কি জানি! I love Bengal, but I haven't much faith in the Bengalees! দেখুন না, আমার নিজের আত্মীয়-স্বজন আমার বিষয়সম্পত্তি দখল ক'রে বসেছে—রটিয়ে দিয়েছে আমি মরে গেছি—জাল উইল বার করেছে। Vultures!

কৃষ্ণমোহন। শকুনির অভাব পৃথিবীতে কোথাও নেই!

হেনরিয়েটা—মধুসূদনের দ্বিতীয়া পত্নী—
আসিয়া প্রবেশ করিলেন। ইনি ফরাসী
জাতীয়া। কম বয়স। সুন্দরী, তনু।
পোষাক পরিচ্ছদে সুরুচির পরিচয় পাওয়া
যাইতেছে।

হেনরিয়েটা। আপনাদের চা কি এখানেই আনতে বলব?

মধু। হ্যাঁ—এখানেই আনুক না!

হেনরিয়েটা চলিয়া গেলেন।

কৃষ্ণমোহন। তোমার স্ত্রী ত বেশ বাঙলা শিখেছেন!

মধু। (হাসিয়া) শিখিয়েছি। বাঙালীর স্ত্রীর বাঙলা না শিখলে চলবে কেন?

কৃষ্ণমোহন। নিশ্চয়ই! পড়তেও শিখেছেন নিশ্চয়।

মধু। শিখছে—এখনও খুব ভাল পারে না।

কৃষ্ণমোহন। You will teach her in no time, you are a master of languages.

মধু। বাঙলা দেশে না ফিরে গেলে বাঙলা শেখা মুশ্কিল। I am not very sure of the language myself !

একটি 'বয়' একটি 'ট্রে'-তে করিয়া চায়ের কাপ প্লেট ইত্যাদি সরঞ্জাম রাখিয়া গেল। হেনরিয়েটা আসিয়া চা পরিবেশন করিতে অগ্রসর হইলেন।

কৃষ্ণমোহন। এত খাবার আমি খাব না !

হেনরিয়েটা। আপনি ডিনারও এখানে খাবেন না—কিছুই খাবেন না—তা কি হয় ?

কৃষ্ণমোহন। বুড়া হয়েছি—আর হজম হয় না। অনেক কিছুই খেয়েছি এককালে ! (হাস্য)

হেনরিয়েটা। এই কেকটা আমি তৈরি করেছি—ওটা অস্তুত খেতেই হবে।

কৃষ্ণমোহন। খেতেই হবে ?

হেনরিয়েটা। হ্যাঁ।

কৃষ্ণমোহন। তবে খাই—(খাইলেন) বাঃ—বেশ সুন্দর হয়েছে !

মধু ! She is a marvellous hand on piano—তোমার একটা বাজনা শুনিয়ে দাও না রেভাঃ ব্যানার্জিকে !

হেনরিয়েটা। (সলজ্জভাবে) I am just a novice.

কৃষ্ণমোহন। তবু শোনা যাক—তোমার বাবার বয়সী হব বোধ হয়—আমার কাছে লজ্জা কি ! Let us have something.

হেনরিয়েটা উঠিয়া পিয়ানোর কাছে গেলেন ও একটি গৎ বাজাইলেন। মধু ও কৃষ্ণমোহন চা পান করিতে লাগিলেন। গৎ বাজানো ও চা পান শেষ হইলে রেভাঃ ব্যানার্জি উঠিয়া দাঁড়াইলেন।

এবার আমি চললাম তা হলে। ঘুরতে হবে অনেক। I thank you very much for all this—যা বললাম সেটা ভেবে দেখো। Bengali literature needs you now, if not your father's home. Think over it. Good bye.

করমর্দন করিয়া বিদায় লইলেন।

মধু। রেভারেণ্ড ব্যানাজি বলছেন—বাঙালা দেশে ফিরে যেতে—
my father is dead !

হেনরিয়েটা। Oh, is it !

স্তম্ভিত হইয়া গেলেন।

মধু। খিদিরপুরে আমাদের বাড়ী আছে—যশোরে জমিদারী আছে—সব নাকি অপরে দখল করেছে।

হেনরিয়েটা। You should go.

মধু। Should I ? I must weigh anchor then—তোমার কি মত ?

হেনরিয়েটা। আমার মত ? তুমি যেখানে যাবে—আমিও সেখানে যাব—তুমি আমাকে যেখানে রাখবে সেখানেই আমি থাকব। আমার আলাদা কোন মত নেই।

মধু। (স-স্নেহে তাহাকে বাহুপাশে জড়াইয়া) I know, my dear.

ঠিক এই সময়ে একটি ছয় বৎসরের
বালিকা খোলা দ্বারপথ দিয়া ছুটিয়া আসিয়া
প্রবেশ করিল ও মধুসূদনকে জড়াইয়া ধরিল।
রেবেকার কণ্ঠা—

বালিকা। Daddy !

মধু। এ কি, তুমি কি ক'রে এলে ?

বালিকা। আমরা বেড়াতে যাচ্ছিলাম রাস্তা দিয়ে—তোমাকে দেখতে পেলাম। তুমি আমাদের কাছে যাও না কেন, বাবা !

মধু। তুমি যাও—আমি যাচ্ছি এখনি।

বালিকা। না, তুমি চল।

মধু। যাচ্ছি—তুমি যাও আগে—এখনি যাচ্ছি আমি।

বালিকা। না, তুমি যাবে না !

মধু। নিশ্চয় যাব—there's a good girl—কথা শোন—তুমি যাও, আমি যাচ্ছি একটু পরে !

বালিকা অনিচ্ছাভরে চলিয়া গেল।

হেনরিয়েটা নির্বাক।

No, I must leave Madras ! এখানে আর থাকা অসম্ভব !

হেনরিয়েটা। ছেলেমেয়েদের ছেড়ে থাকতে পারবে তুমি ?

মধু। পারব, মানে ? পারতে হবে ! I must.

হেনরিয়েটা। এক কাজ কর না।

মধু। কি ?

হেনরিয়েটা। ছেলেমেয়েদের নিয়ে চল তুমি। আমার একটুও আপত্তি নেই তাতে। I want to see you happy.

মধু। সে হয় না—I cannot deprive Rebecca of her children ! সে বড় নিষ্ঠুর কাজ হবে—সে হয় না—সে হয় না—Henrietta—my dear—this is terrible !

দুই হাতে মুখ ঢাকিয়া চেয়ারের উপর

বসিয়া পড়িলেন